

তারিখঃ ২৩ জুন ২০২২  
০৯ আষাঢ় ১৪২৯

## প্রেস রিলিজ

আজ ২৩ জুন ২০২২ খ্রিঃ (বৃহস্পতিবার) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক “চালের (মোটা ও সরু) বাজার সম্পর্কে সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদন বিষয়ে ভ্যালিডেশন সেমিনার” কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খাদ্য মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ ইসমাইল হোসেন এনডিসি। সেমিনারে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। এছাড়াও সেমিনারে উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম, কমিশনের উপদেষ্টা জনাব খালেদ আবু নাছের, জনাব রায়না আহমদ, যুগ্মসচিব, খাদ্য মন্ত্রণালয়, জনাব জুবাইর হোসেন বাবলু, যুগ্ম সচিব, কৃষি মন্ত্রণালয়, জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, পরিচালক, কৃষি বিপনন অধিদপ্তর, জনাব রুমা আক্তার, দ্বিতীয় সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, জনাব কুমকুম সুলতানা, পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাদল চন্দ্র বিশ্বাস, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জনাব মাসুম বিল্লাহ, ডেপুটি সেক্রেটারী, খাদ্য মন্ত্রণালয়, জনাব কাজী আব্দুল হান্নান, ক্যাভ, জনাব আতিয়া সুলতানা, উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, এবং কমিশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

চালের (মোটা ও সরু) বাজার সম্পর্কে সার্বিক বিষয়ে সেমিনারে পর্যালোচনা করা হয়। সেমিনারে চালের (মোটা ও সরু) বাজার সম্পর্কে চূড়ান্ত সমীক্ষা প্রতিবেদন উপস্থাপন করেন কমিশন কর্তৃক পণ্য ও সেবার ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যে গঠিত দল-০৭ এর আহ্বায়ক ও কমিশনের উপপরিচালক জনাব সারাওয়াত মেহজাবীন।

স্বাক্ষরিত  
(শেখ রুবেল)  
জনসংযোগ কর্মকর্তা  
টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২  
ই-মেইল : [shekhrubeldu@gmail.com](mailto:shekhrubeldu@gmail.com)